গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল

...

| | |
|---|---|
| সভাপতি | প্রকাশ চন্দ্র বিশ্বাস<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) |
| সভার তারিখ | ০৬ সেপ্টেম্বর ২০২২ ইং |
| সভার সময় | দুপুর ০২:০০ ঘটিকা। |
| স্থান | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা)-এর কার্যালয়, লেভেল-৬, এলজিইডি ভবন, এলজিইডি। |
| উপস্থিতি | সংযুক্তি - ১ |

এলজিইডি'র ইনোভেশন টিম-এর সেপ্টেম্বর মাসের সভা বিগত ০৬/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন এলজিইডির তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার জনাব প্রকাশ চন্দ্র বিশ্বাস। সভার শুরুতে এলজিইডির তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার স্বাগত বক্তব্য প্রদান করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং এ বিষয়ে কারো কোন আপত্তি না থাকায় উহা সর্বসম্মতিতে অনুমোদন করা হয়। ইনোভেশন টিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জনাব মোঃ মাহবুব আলম সভার এজেন্ডাসমূহ উপস্থাপন করেন। ইনোভেশন টিম-এর অন্যান্য সদস্যগণ উক্ত সভায় উপস্থিত ছিলেন।

**<u>এজেন্ডা – ০১: এলজিইডি'র ইনোভেশন টিম-এর জুলাই মাসের সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা</u>**

এলজিইডির তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার সভায় উপস্থিত সকলকে জানান যে, ইনোভেশন টিম-এর বিগত জুলাই মাসের সভায় পনেরো (১৫) টি সিদ্ধান্ত গৃহীত হয়। এই সিদ্ধান্ত অনুযায়ী কতখানি কাজ বাস্তবায়ন করা হয়েছে এই ব্যাপারে গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল তাদের উপস্থাপনা প্রদান করবে।

উপস্থাপনার শুরুতে সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জনাব মোঃ আবু রায়হান জানান যে, বিগত জুলাই মাসের ইনোভেশন টিমের সভায় গৃহীত পনেরো (১৫) টি সিদ্ধান্তের ইতোমধ্যে আট (০৮) টি সিদ্ধান্ত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং বাকি সিদ্ধান্তগুলো বাস্তবায়নের উদ্যোগ কার্যক্রম শুরু করা হয়েছে।

তিনি ধারাবাহিকভাবে বিগত ইনোভেশন টিমের সভায় গৃহীত সকল সিদ্ধান্ত বাস্তবায়নের কার্যক্রম সম্পর্কে উপস্থিত সকলকে অবহিত করেন।

**<u>জুলাই মাসের সভায় গৃহীত ০১ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা</u>**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, ইতোমধ্যে এলজিইডি'র প্রত্যেক জেলা কার্যালয়ে ইনোভেশন টিম গঠনের নিমিত্ত প্রধান প্রকৌশলীর স্বাক্ষরে পত্র ও নির্দেশিকা প্রেরণ করা হয়েছে। বর্তমানে মাত্র তিন (০৩) টি জেলা (বান্দরবান, কক্সবাজার এবং কুষ্টিয়া) থেকে ইনোভেশন টিম গঠনের পত্র পাওয়া গেছে।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, এলজিইডি'র জেলা কার্যালয়ে থেকে ইনোভেশন টিম গঠনের পত্র না আসাটা খুবই হতাশাজনক।

নির্বাহী প্রকৌশলী (শৃংখলা ও তদন্ত) জনাব মোহাঃ শরীফ উদ্দীন বলেন যে, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসারের স্বাক্ষরে একটি তাগিদ পত্র বাকি জেলাগুলোতে প্রেরণ করা যেতে পারে। ইনোভেশন টিমের বাকি সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**<u>জুলাই মাসের সভায় গৃহীত ২.১ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা</u>**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, এলজিইডি'র গবেষণা, ইনোভেশন ও জ্ঞান

ব্যবস্থাপনা ইতোমধ্যে ২০২২-২৩ অর্থবছরের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য অ্যাকশান প্ল্যান তৈরি করেছে এবং অ্যাকশান প্ল্যানটি প্রধান প্রকৌশলী মহোদয়ের থেকে অনুমোদন নেওয়া হয়েছে।

২০২২-২৩ অর্থবছরের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রণীত অ্যাকশান প্ল্যানটি প্রধান প্রকৌশলী মহোদয়ের থেকে দ্রুততম সময়ে অনুমোদন করার ব্যাপারে উদ্যোগ গ্রহণের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেলকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, বর্তমানে ইনোভেশন টিম অ্যাকশান প্ল্যানে গৃহীত লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজ করবে। এই ব্যাপারে ইনোভেশন টিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ইনোভেশন টিমের অন্যান্য সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**জুলাই মাসের সভায় গৃহীত ২.২ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, ইতোমধ্যে বিভাগ, অঞ্চল, জেলা, উপজেলা ও প্রকল্পে কর্মরত কর্মকর্তাদের কাছে সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের জন্য উদ্ভাবনী ধারণার জন্য প্রধান প্রকৌশলীর স্বাক্ষরে পত্র প্রেরণ করা হয়েছে। মাঠ পর্যায়ে থেকে মাত্র দুই (০২) টি সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের জন্য উদ্ভাবনী ধারণা পাওয়া গেছে।

তিনি আরো বলেন যে, প্রথম যে উদ্ভাবনী ধারণা পাওয়া গেছে সেটি হলো এলজিইডি'র নিজস্ব কেন্দ্রীয় অ্যাপস এর মাধ্যমে সড়ক/সড়ক আইডি অন্তর্ভুক্তকরণ এবং এই উদ্ভাবনী ধারণাটি সাতক্ষীরা সদর উপজেলা থেকে সদর উপজেলা প্রকৌশলী পাঠিয়েছেন। এই উদ্ভাবনী ধারণটিতে একটি কেন্দ্রীয় অ্যাপস তৈরি করতে বলা হয়েছে যার মাধ্যমে সড়ক/সড়ক আইডি অন্তর্ভুক্তকরণ, রোড ডাটাবেজ ডিজিটালাইজেশন, মোবাইল মেইনটেন্যান্স স্কীম নির্বাচন সহজিকরণ করার ব্যাপারে একটি প্রাথমিক ফ্লো-চার্ট দেওয়া হয়েছে। বর্তমানে এলজিইডি'তে খন্ড খন্ড ভাবে এই ধারনাগুলো বাস্তবায়ন করা হচ্ছে তবে সমন্বিত আকারে করা গেলে খুব ভালো হয়। এজন্য আরো বিস্তারিত আলোচনা করার প্রয়োজন আছে।

তিনি আবারও জানান যে, দ্বিতীয় যে উদ্ভাবনী ধারণা পাওয়া গেছে সেটি হলো গ্রাম সড়ক উন্নয়ন এবং বিভিন্ন অবকাঠামো উন্নয়ন বিশেষ করে কার্পেটিং এর কাজ বাস্তবায়ন করার সময় একটি ইয়ার্ড (Yard) নির্মাণের ধারণা ও সড়ক নির্মাণের শেষে Post Test অনুযায়ী কাজের বিল প্রস্তুতকরণ। এই উদ্ভাবনী ধারণাটি কুষ্টিয়ার মিরপুর উপজেলা থেকে উপজেলা প্রকৌশলী পাঠিয়েছেন। যেহেতু সড়কের পাশে এলজিইডি'র নিজস্ব কোন জায়গা নেই, তাই ইয়ার্ড নির্মাণ করা খুবই কঠিন কাজ। তবে এলজিইডি'র বড় বড় কাজে ঠিকাদারের মাধ্যমে ইয়ার্ড ভাড়া নেওয়া হয়। এছাড়া বর্তমানে এলজিইডি'র সকল প্রকৌশলীকে Electronic Contract Management System (e-CMS) এর প্রশিক্ষণ দেওয়া হচ্ছে, ফলে ভবিষ্যতে সকল কাজের বিল ইলেক্ট্রনিক সিস্টেমের মাধ্যমে দিতে হবে। ইলেক্ট্রনিক সিস্টেমে কাজের বিল দিতে গেলেই Post Test অনুযায়ী কাজের বিল দেওয়ার বাধ্যবাধকতা তৈরি হয়ে যাবে।

নির্বাহী প্রকৌশলী (আইসিটি) জনাব নুরজাহান বিগত সভায় প্রাথমিকভাবে আলোচনাকৃত দুই (০২) টি সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের জন্য উদ্ভাবনী ধারণার অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, বিগত সভায় প্রাথমিকভাবে আলোচনাকৃত উপজেলা পর্যায়ে ল্যাবরেটরি স্থাপন করে উক্ত সেবাকে সেবা সহজিকরণের একটি উদ্ভাবনী ধারণা হিসেবে দেখানো যেতে পারে। তবে ২০২২-২০২৩ অর্থবছরে জেলা পর্যায়ে জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় ন্যূনতম একটি সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের জন্য উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করার লক্ষ্যমাত্রা আছে। তাই জেলাগুলো এই সেবাকে উদ্ভাবনী ধারণা হিসেবে দেখিয়ে দিলে সদর দপ্তরের পর্যায়ের অফিসের কার্যক্রমে সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের জন্য উদ্ভাবনী ধারণা হিসেবে দেখানো যাবে না।

তিনি আরো জানান যে, PMIS Software এ অডিট সংক্রান্ত তথ্য হালনাগাদ করার ব্যাপারে অডিট ইউনিটের অতিরিক্ত প্রধান প্রকৌশলী জনাব মোঃ নূর হোসেন হাওলাদার এর সাথে যোগাযোগ করা হয়। তাঁর মাধ্যমে জানা যায় যে, PMIS Software এ অডিট সংক্রান্ত তথ্য হালনাগাদ করার ব্যাপারে বর্তমানে অডিট বা প্রশাসন ইউনিটের এই সংক্রান্ত কোন কার্যক্রম নেই। কারণ এই Software এ তথ্য হালনাগাদ করতে গেলে দুই থেকে তিন জন সার্বক্ষণিক নিবেদিত কর্মকর্তা দিতে হবে এবং নিয়মিত মনিটরিং করতে হবে। এছাড়া তাদেরকে অডিট ও প্রশাসন ইউনিটের সাথে

লিয়াজোঁ রাখতে হবে। তবে বর্তমানে দুইটি ইউনিট এ ধরণের জনবল নেই। তাই বর্তমানে এ সংক্রান্ত কার্যক্রম স্থগিত আছে। এছাড়া অডিট সংক্রান্ত তথ্য খুবই সংবেদনশীল, তাই তাড়াহুড়ো করে অডিট সংক্রান্ত তথ্য হালনাগাদ করা সংগত হবে না। তাই উক্ত অর্থবছরে সদর দপ্তর পর্যায়ে PMIS Software এ অডিট সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ কার্যক্রমটি সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের জন্য উদ্ভাবনী ধারণা হিসেবে দেখানো যাবে না।

প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার ও সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল আরো নতুন দুই (০২) টি সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের জন্য উদ্ভাবনী ধারণা নিয়ে কাজ করছে। প্রথমটি হলো প্রধান প্রকৌশলী মহোদয়ের জন্য Integrated E-Meeting Schedule Software প্রণয়নকরণ। বর্তমানে প্রধান প্রকৌশলী মহোদয়ের দপ্তর থেকে প্রতিদিন সকালে Scheduling এর হার্ড কপি সকল অতিরিক্ত প্রধান প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রকল্প পরিচালক এবং নির্বাহী প্রকৌশলীর কাছে যায়। এতে করে প্রতিদিন অনেক কাগজ প্রিন্ট/ফটোকপি করতে হয়। আবার এই Scheduling এ কোন পরিবর্তন হলে আবার নতুন করে সবাইকে Meeting Schedule এর কাগজ প্রিন্ট/ফটোকপি হয়। তাই একটি Integrated E-Meeting Schedule Software প্রণয়ন করা হলে সবাই ইন্টারনেটের মাধ্যমে এক ইন্টারফেসে Meeting Schedule টি দেখতে পাবে। এছাড়া এটি Real Time Meeting Schedule Update করে দিবে ফলে বারবার Meeting Schedule এর কাগজ প্রিন্ট/ফটোকপি করতে হবে না। এই কাজটি আইসিটি ইউনিটের মাধ্যমে করা হবে। ইতোমধ্যে আইসিটি ইউনিটে উক্ত আইডিয়াটি শেয়ার করা হয়েছে। ডেস্কটপ ভিত্তিক E-Meeting Schedule ইন্টারফেস তৈরি করতে কোন অর্থের দরকার পড়বে না। এলজিইডি'র নিজস্ব ওয়েব ডেভেলপার দিয়ে এটি তৈরি করা যাবে। তবে মোবাইল অ্যাপস ভিত্তিক E-Meeting Schedule ইন্টারফেস তৈরি করতে হলে অর্থের প্রয়োজন আছে।

তিনি আরো বলেন যে, দ্বিতীয় উদ্ভাবনী ধারণা হলো এলজিইডি'র প্রত্যেক ফ্লোর/তলাতে ব্লক ভিত্তিক রুম নাম্বার বরাদ্দ এবং এলজিইডি'র ভবনগুলোর নিচে ইলেক্ট্রনিক বোর্ডে উক্ত তথ্যগুলো ডিসপ্লে করা। ফলে খুব সহজে কোন কর্মকর্তা কোন ফ্লোর/তলাতে অফিস করেন তা জানা যাবে। বাইরের কোন দর্শনার্থী/সেবাপ্রার্থী আসলে তার পক্ষে সাহায্য ছাড়া নির্দিষ্ট রুমে পৌঁছানো সম্ভব নয়। অন্যান্য সরকারী অফিসে উক্ত সেবাটি অনেক আগে চালু করা হয়েছে। তাই এই সেবাটি চালু করা হলে বাইরের দর্শনার্থী/সেবাপ্রার্থীদের জন্য একটি দিক-নির্দেশনা বোর্ড হিসেবে কাজ করবে।

নির্বাহী প্রকৌশলী (সেতু ডিজাইন) জনাব তাপস চৌধুরী বলেন যে, এলজিইডি'র প্রত্যেক ফ্লোর/তলাতে খুব কম সংখ্যক স্থায়ী রুম আছে। প্রত্যেক ফ্লোর/তলাতে প্রকল্প অফিস আছে এবং এই প্রকল্প অফিস গুলো একটি নিদিষ্ট সময়ের জন্য থাকে। ফলে এক এক সময়ে প্রকল্প অফিসের চাহিদা অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে রুম তৈরি করে। ফলে কাজটি বাস্তবায়ন করা খুব কঠিন হবে।

নির্বাহী প্রকৌশলী (সেতু ডিজাইন) এর সাথে এক মত পোষণ করে নির্বাহী প্রকৌশলী (শৃংখলা ও তদন্ত) বলেন যে, এই কাজটি বাস্তবায়ন করা খুব কঠিন হবে। তবে এলজিইডি'র ভবনগুলোর নিচে ইলেক্ট্রনিক বোর্ডে ফ্লোর/তলা অনুযায়ী ইউনিট/ প্রকল্প অফিসের নামগুলো ডিসপ্লে করা হলেও বাইরের দর্শনার্থী/সেবাপ্রার্থীদের জন্য কিছুটা উপকার হবে।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, প্রধান প্রকৌশলী মহোদয়ের জন্য Integrated E-Meeting Schedule Software প্রণয়নকরণ এবং এলজিইডি'র ভবনগুলোর নিচে ইলেক্ট্রনিক বোর্ডে ফ্লোর/তলা অনুযায়ী ইউনিট/ প্রকল্প অফিসের নামগুলো ডিসপ্লে করা – উক্ত দুই (০২) টি উদ্ভাবনী ধারণা সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের জন্য চিহ্নিত করা হলো এবং এই ব্যাপারে ইনোভেশন টিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ইনোভেশন টিমের বাকি সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**জুলাই মাসের সভায় গৃহীত ২.৩ এবং ২.৪ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি ইউনিট) এর সহায়তায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক তৈরিকৃত নির্দিষ্ট ছকে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ তৈরি করা হয়েছে। তবে সেবার এই ডাটাবেজে কিছু অতিরিক্ত তথ্য প্রদান করতে হবে

যার জন্য সংশ্লিষ্ট সকলের সাথে বসে আলোচনা করে পূরণ করতে হবে। এছাড়া ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার প্রত্যয়নপত্র গুলো সংগ্রহ করা হয়েছে। বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ ও ডিজিটাইজকৃত সেবার প্রত্যয়নপত্র এক সাথে ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি ইউনিট) ও গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল অতিসত্ত্বর সংশ্লিষ্ট সকলের সাথে বসে আলোচনাপূর্বক ডাটাবেজ তৈরি করবে এবং ডাটাবেজসহ ডিজিটাইজকৃত সেবার প্রত্যয়নপত্র এক সাথে ওয়েবসাইটে প্রকাশ করার ব্যাপারে ইনোভেশন টিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ইনোভেশন টিমের অন্যান্য সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**<u>জুলাই মাসের সভায় গৃহীত ২.৫ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা</u>**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, ই-ফাইলে নোট নিস্পত্তিকৃত ফাইলের ক্যাটাগরি নির্ধারণপূর্বক ই-নথির ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ে এখনো চিঠি প্রেরণ করা হয়নি। এর কারণ হলো ই-ফাইলে নোট নিস্পত্তি করার জন্য ফাইলের ক্যাটাগরি পর্যালোচনা করতে গেলে সবাইকে ই-নথির অন্তর্ভুক্ত করতে হবে। তবে এখনো অনেক ইউনিট/প্রকল্প অফিস ই-নথির অন্তর্ভুক্ত নয়।

প্রকল্প পরিচালক (বৃহত্তর ঢাকা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩) জনাব মোঃ আমিরুল ইসলাম খান জানান যে, করোনার সময়ে ই-নথির মাধ্যমে ফাইল নিস্পত্তির হার বৃদ্ধি পেলেও এখন অনেক খানি কমে গেছে। এছাড়া ইনোভেশন টিম কর্তৃক শুধুমাত্র পত্র প্রেরণ করে সদর দপ্তর/মাঠ পর্যায়ে ই-নথির ব্যবহার বৃদ্ধি করানো কঠিন হবে। তাই এর জন্য এলজিইডি'র সিস্টেম এনালিস্ট এবং আইসিটি ইউনিট যৌথভাবে উক্ত কাজ করার উদ্যোগ গ্রহণ করবে।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, এলজিইডি'র সিস্টেম এনালিস্ট এবং আইসিটি ইউনিট যৌথভাবে পুনরায় ই-নথিতে নিস্পত্তি করার জন্য ফাইলের ক্যাটাগরি পর্যালোচনা করে প্রধান প্রকৌশলী মহোদয়ের সম্মতি পূর্বক ই-নথির ব্যবহার বৃদ্ধির জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। ইনোভেশন টিমের বাকি সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**<u>জুলাই মাসের সভায় গৃহীত ২.৬ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা</u>**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, ইতোমধ্যে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্ম-পরিকল্পনা প্রণয়নের জন্য গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেলের নির্বাহী প্রকৌশলীকে সভাপতি করে ০৯ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। ইতোমধ্যে উক্ত কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে এবং কমিটি আশা করছে যে, ২০২২-২৩ অর্থবছরের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য অ্যাকশান প্ল্যান অনুযায়ী ৩১/০৯/২০২২ তারিখের মধ্যে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় এলজিইডির কর্ম-পরিকল্পনা প্রণয়ন করতে পারবে এবং সেই লক্ষ্যে তারা কাজ করছেন।

**<u>জুলাই মাসের সভায় গৃহীত ২.৭ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা</u>**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজনের নিমিত্ত ইতোমধ্যে কেন্দ্রীয় প্রশিক্ষণ ইউনিটের সাথে আলাপ করে একটি প্রাক-প্রাথমিক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। আরো বিস্তারিত আলোচনা করে প্রাক্কলন চুড়ান্ত করে প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। ইনোভেশন টিমের সকল সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**<u>জুলাই মাসের সভায় গৃহীত ২.৮ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা</u>**

নির্বাহী প্রকৌশলী (আইসিটি) জানান যে, আইসিটি ইউনিট নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করে থাকে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য আইসিটি ইউনিটকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতেও যেন আইসিটি ইউনিট নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করে সে ব্যাপারে নির্বাহী প্রকৌশলী (আইসিটি) কে অনুরোধ জানানো হয়।

**<u>জুলাই মাসের সভায় গৃহীত ২.৯ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা</u>**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, সেপ্টেম্বর ২০২২ এর মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন

কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের নিমিত্ত ইতোমধ্যে কেন্দ্রীয় প্রশিক্ষণ ইউনিটের সাথে আলাপ করে একটি প্রাক-প্রাথমিক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। আরো বিস্তারিত আলোচনা করে প্রাক্কলন চূড়ান্ত করে প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। ইনোভেশন টিমের সকল সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**জুলাই মাসের সভায় গৃহীত ২.১০ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা**

প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার ও সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, ২০২২-২৩ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পৃক্ত খাতে কোনো অর্থ বরাদ্দ পাওয়া যায়নি। সেক্ষেত্রে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার প্রস্তাব করেন যে, ২০২২-২৩ অর্থবছরে প্রণীত কর্মপরিকল্পনার অধীনে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রম বাস্তনবায়ন করতে কি পরিমাণ অর্থ বরাদ্দ প্রয়োজন হতে পারে তার একটি প্রাক্কলন প্রস্তুত করে অর্থ বরাদ্দের নিমিত্ত প্রধান প্রকৌশলী মহোদয়ের নিকট আবেদন করা যেতে পারে। ইনোভেশন টিমের সকল সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**জুলাই মাসের সভায় গৃহীত ২.১১ ও ২.১২ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, ২০২২-২৩ অর্থবছরের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য এলজিইডির ইনোভেশন টিমের অ্যাকশান প্ল্যান অনুযায়ী আগামী ০৭/০১/২০২৩ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন এবং ২৫/০১/২০২৩ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের ব্যাপারে বিগত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার সেই লক্ষ্যে ইনোভেশন টিমকে সহযোগিতা করার অনুরোধ জানান। ইনোভেশন টিমের সদস্যগণ অ্যাকশান প্ল্যান অনুযায়ী প্রতিবেদনসমূহ প্রেরণের ব্যাপারে একমত পোষণ করেন।

**জুলাই মাসের সভায় গৃহীত ২.১৩ নং সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা**

সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, ৩১/১২/২০২২ তারিখের মধ্যে দেশ/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী কার্যক্রম পরিদর্শনের উদ্যোগ গ্রহণ করতে হবে। বিগত অর্থবছরে এলজিইডির ইনোভেশন টিম i-lab এর ইনোভেশন কার্যক্রম পরিদর্শন করে এবং ঢাকা ওয়াসা থেকে ইনোভেশন টিম এলজিইডির ইনোভেশন কার্যক্রম পরিদর্শন করে। এক্ষেত্রে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার প্রস্তাব করেন যে, ২০২২-২৩ অর্থবছরের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে এলজিইডির ইনোভেশন টিম ঢাকা ওয়াসা'র ইনোভেশন কার্যক্রম পরিদর্শন করতে পারে। ইনোভেশন টিমের সকল সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

**এজেন্ডা – ০২: প্রকল্প পরিচালক (জিডিপি-৩) কর্তৃক ইনোভেটিভ কাজ সম্পর্কিত উপস্থাপনা বিষয়ক আলোচনা**

প্রকল্প পরিচালক (বৃহত্তর ঢাকা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩) জানান যে, গাজীপুরের নির্বাহী প্রকৌশলী থাকাকালীন সময়ে ২০১৬ সালে জেলা অফিসের কাজকর্ম সহজিকরণের লক্ষ্যে একটি Office Automation Software তৈরি করা হয়েছিল। এই Software এর নাম হলো Office Management Software। এই Software এর মাধ্যমে একজন নির্বাহী প্রকৌশলী খুব সহজে তাঁর নিজ জেলার দাপ্তরিক, মাঠ পরিদর্শন, ল্যাব ব্যবস্থাপনা, যান্ত্রিক ব্যবস্থাপনা, contract management ও আর্থিক ব্যবস্থাপনাসহ সকল কাজ এক প্ল্যাটফর্মে করতে পারবে। তিনি আরো বলেন যে, এই Software এর মাধ্যমে একবার শুধুমাত্র তথ্য এন্ট্রি করতে হবে। বাকি সব জায়গায়তে এই তথ্য অটোমেটিক চলে আসবে। এই Software এর মাধ্যমে একজন ঠিকাদারকে বিল প্রদান, কাজ শেষে সার্টিফিকেট প্রদান সহ সকল সেবা প্রদান করা সম্ভব। এই Software টি একটি সম্পূর্ণ প্যাকেজ হিসেবে কাজ করে। এছাড়া এই Software টি শুধু মাত্র জেলা নির্বাহী প্রকৌশলী ব্যবহার করবে সেটা নয় বরং প্রকল্প পরিচালক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং প্রধান প্রকৌশলী, তাদের নিজস্ব ক্ষেত্র অনুযায়ী ব্যবহার করতে পারবে। এই Software টি এলজিইডি'র জন্য একটি Decision Making Tools হিসেবে ব্যবহার

করা যাবে। এছাড়া ইহা গাজীপুর সহ ঢাকা, টাঙ্গাইল ও মানিকগঞ্জে জেলায় পাইলটিং করা হয়েছে এবং এর মাধ্যমে খুবই ভালো ফল পাওয়া গেছে।

প্রকল্প পরিচালক (বৃহত্তর ঢাকা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩) কে ধন্যবাদ জানিয়ে নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) বলেন যে, বর্তমানে এলজিইডিতে ই-নথি, e-GP, e-CMS, ePMS, FIMS সহ নানা ধরণের Software ব্যাপক ভাবে ব্যবহার করা হচ্ছে। এর মধ্যে কিছু Software এটুআই, পরিকল্পনা কমিশন, সিপিটিইউ এর মাধ্যমে তৈরি হয়েছে এবং কিছু Software এলজিইডি নিজস্বভাবে তৈরি করেছে। ২০১৬ সালে যেহেতু এই Software টি তৈরি করেন বিধায় বর্ণিত Software টির সাথে প্রচলিত Software গুলোর মধ্যে এক ধরণের দ্বৈততা পরিলক্ষিত হচ্ছে। তবে এই বর্ণিত Software টির সব থেকে উল্লেখযোগ্য দিক হলো যে এক ইন্টারফেসে বিভিন্ন জায়গায় থেকে সকল কাজ একসাথে করা সম্ভব হবে।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, Office Management Software টি একটি ভালো Software। তবে এখন যেহেতু এলজিইডিতে অন্যান্য Software এর প্রচলন আছে তাই এই মুহূর্তে এটি ব্যবহার করার বিষয়ে আরো চিন্তা ভাবনা করতে হবে, তবে আইসিটি ইউনিট এই Software টাকে অন্যান্য Software এর সাথে Integration করতে পারবে কিনা সেটা পর্যালোচনা করতে পারে। এই ব্যাপারে আইসিটি ইউনিট প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। ইনোভেশন টিমের বাকি সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করেন।

বর্ণিত আলোচনার আলোকে এজেন্ডাগুলো বাস্তবায়নে নিম্নরূপ বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ০১। | এলজিইডি'র প্রত্যেক জেলা কার্যালয়ে ইনোভেশন টিম গঠনের নিমিত্ত ইনোভেশন অফিসারের স্বাক্ষরে একটি তাগাদা পত্র জেলাগুলোতে প্রেরণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |
| ০২। | ২০২২-২৩ অর্থবছরের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রণীত অ্যাকশান প্ল্যানে গৃহীত লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |
| ০৩। | প্রধান প্রকৌশলী মহোদয়ের জন্য Integrated E-Meeting Schedule Software প্রণয়নকরণ এবং এলজিইডি'র ভবনগুলোর নিচে ইলেক্ট্রনিক বোর্ডে ফ্লোর/তলা অনুযায়ী ইউনিট/ প্রকল্প অফিসের নামগুলো ডিসপ্লে করা – উক্ত দুই (০২) টি উদ্ভাবনী ধারণা সেবা সহজিকরণ/ডিজিটাইজেশন হিসেবে চিহ্নিত করে ধারণা দুই (০২) টি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |
| ০৪। | সংশ্লিষ্ট সকলের সাথে বসে আলোচনাপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক তৈরিকৃত নির্দিষ্ট ছকে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ পরিপূর্ণভাবে তৈরি করতে হবে এবং ডাটাবেজসহ ডিজিটাইজকৃত সেবার প্রত্যয়নপত্র এক সাথে ওয়েবসাইটে প্রকাশ করার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | আইসিটি ইউনিট এবং ইনোভেশন টিম |
| ০৫। | এলজিইডি'র সিস্টেম এনালিস্ট এবং আইসিটি ইউনিট যৌথভাবে পুনরায় বিভিন্ন নথির কার্যক্রম ই-নথিতে নিস্পত্তি করার জন্য ফাইলের ক্যাটাগরি পর্যালোচনা করে প্রধান প্রকৌশলী মহোদয়ের সম্মতি পূর্বক ই-নথির ব্যবহার বৃদ্ধির জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | সিস্টেম এনালিস্ট এবং আইসিটি ইউনিট |
| ০৬। | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্ম-পরিকল্পনা প্রণয়নের জন্য গঠিত টিম ৩১/০৯/২০২২ তারিখের মধ্যে কর্ম-পরিকল্পনা প্রণয়ন করে এলজিইডি'র ইনোভেশন টিমকে অবহিত করবে। | সদস্য-সচিব, ইনোভেশন টিম |
| ০৭। | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক সংক্রান্ত কর্মশালা আয়োজনের নিমিত্ত প্রাক্কলন চূড়ান্ত করে প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |

| | | |
|---|---|---|
| ০৮। | এলজিইডির আইসিটি ইউনিট নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | আইসিটি ইউনিট |
| ০৯। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের নিমিত্ত প্রাক্কলন চূড়ান্ত করে প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদন নিতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |
| ১০। | ২০২২-২৩ অর্থবছরে প্রণীত কর্মপরিকল্পনার অধীনে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রম বাস্তনবায়নের জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করে অর্থ বরাদ্দের নিমিত্ত প্রধান প্রকৌশলী মহোদয় বরাবর প্রেরণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |
| ১১। | ০৭/০১/২০২৩ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন এবং ২৫/০১/২০২৩ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |
| ১২। | ৩১/১২/২০২২ তারিখের মধ্যে এলজিইডির ইনোভেশন টিম ঢাকা ওয়াসা'র ইনোভেশন কার্যক্রম পরিদর্শন করবে। এলক্ষ্যে, সময় ও তারিখ নির্ধারণপূর্বক ঢাকা ওয়াসা বরাবর ইনোভেশন কার্যক্রম পরিদর্শনের অনুমতি চেয়ে একটি চিঠি প্রেরণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |
| ১৩। | Office Management Software টাকে এলজিইডিতে ব্যবহৃত অন্যান্য Software এর সাথে Integration করা যায় কিনা তা পর্যালোচনার জন্য আইসিটি ইউনিট প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | আইসিটি ইউনিট |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

প্রকাশ চন্দ্র বিশ্বাস
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা)

স্মারক নম্বর: ৪৬.০২.০০০০.৩১২.৯৯.০০২.২২.১০

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৯
১৫ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

২) পরিচালক (অতিরিক্ত প্রধান প্রকৌশলী), জলবায়ু সহিষ্ণু অবকাঠামো প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

৪) এলজিইডি ইনোভেশন টিম

মোঃ মাহবুব আলম
নির্বাহী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)

# Attendance Sheet

এলজিইডি'র ইনোভেশন টিমের সভা

Venue: LGED Bhaban, Level-06, Agargaon, Dhaka.
Date: 06-09-2022 Time: 02.00 PM

| ক্র: নং | নাম,পদবী ও দপ্তর | মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | প্রশান্ত চন্দ্র বিশ্বাস<br>অতি: প্রধান প্রকৌশলী, পরিকল্পনা<br>ডিজাইন ও ইনোভেশন অধিশাখা | 01711958894 | [signature] 06/09/2022 |
| ০২। | মো: আমিরুল ইসলাম খান<br>প্রকল্প পরিচালক<br>GDP-3 | 01711683290<br>pd.gdp3@lged.gov.bd | [signature] 06/09/2022 |
| ০৩। | তাপস চৌধুরী<br>নির্বাহী প্রকৌশলী (সেতু ডিজাইন)<br>সেতু ডিজাইন শাখা, ডিজাইন ইউনিট | 01713311740<br>tapaschowdhury@lged.gov.bd | [signature] 6/9/2022 |
| ০৪। | মোহাঃ শরীফ উদ্দিন<br>নির্বাহী প্রকৌশলী (প্রশাসন) | 01713172961<br>xen.admin.di@lged.gov.bd | [signature] ৬/৯/2022 |
| ০৫। | নুরজাহান<br>XEN ICT, LGED | 01711150876<br>nurjahan_1968@yahoo.com | [signature] 6/9/2022 |
| ০৬। | মো: মাহবুব আলম<br>PD, ইUCP | 01713783425<br>mahbub74@gmail.com | [signature] 6.9.22 |
| ০৭। | তানজিলা ইসলাম<br>AE, RIKM Cell, LGED | 01913452835<br>tanzila.emon@gmail.com | [signature] 06.09.2022 |
| ০৮। | মো: আবু রায়হান<br>AE, RIKM Cell, LGED | 01674931268<br>aasifraihan049@gmail.com | [signature] 06.09.2022 |